রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, সেপ্টেম্বর ৬, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**
**[ভ্যাট বিভাগ]**

**আদেশ**

তারিখ : ১৩ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/২৮ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ১৯/মূসক/২০১৭**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৬ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ০৯ জুন, ২০০৫ খ্রিঃ তারিখে জারীকৃত সাধারণ আদেশ নং-০৭/মূসক/২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের দফা ১ এর উপ-দফা (৪) এর পর নিম্নরূপ উপ-দফা সন্নিবেশিত হইবে, যথা :—

"(৫) যেই ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃপক্ষ সরাসরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে বিল ইস্যু না করিয়া ইপিজেড কর্তৃপক্ষের নামে বিল ইস্যু করে, সেই ক্ষেত্রে ইপিজেড কর্তৃপক্ষ ইহার আওতাভুক্ত সকল প্রতিষ্ঠানের নামে পৃথক পৃথকভাবে উল্লিখিত সেবার ব্যবহার ও বিলের পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক একটি প্রত্যয়নপত্র প্রদান করিবে এবং সংশ্লিষ্ট কমিশনার উক্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে প্রত্যয়নপত্রে বর্ণিত প্রতিষ্ঠানের মূসক অব্যাহতি সুবিধা প্রদান করিবেন।

তবে শর্ত থাকে যে, সেই ক্ষেত্রে ইপিজেড কর্তৃপক্ষের নিজস্ব ব্যবহৃত সেবাসমূহের ক্ষেত্রে অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।"

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪·০০